

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয়
www.dncrp.gov.bd

স্মারক নং-২৬.০৪.৭০০০.৫০৪.১৮.০১৮.১৭-৯৩

তারিখঃ ১২ সেপ্টেম্বর ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি
জরিমানাঃ ১৫,০০০/- (পনের হাজার টাকা)


বিষয়ঃ বাজার তদারকিমূলক অভিযান।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক অদ্য ১২/০৯/১৮ খ্রিঃ চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলার ঝিলিম বাজারে বাজার তদারকিমূলক অভিযান পরিচালিত হয়।

জনাব মোঃ জহিরুল ইসলাম, সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয় এর নেতৃত্বে উক্ত অভিযান পরিচালনার সময় মোট ১০ টি প্রতিষ্ঠান পরিদর্শন করে ২টি প্রতিষ্ঠানকে জরিমানা আরোপ ও নগদ আদায় করা হয়।

ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৮ অনুযায়ী পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে দবিবুর স্টোরকে ৫,০০০ (পাঁচ হাজার) টাকা এবং ধারা ৩৭ ও ৪৩ অনুযায়ী যথাক্রমে পণ্যের ওজন, পরিমাণ, উপাদান, ব্যবহার-বিধি, সর্বোচ্চ খুচরা বিক্রয় মূল্য, উৎপাদনের তারিখ, প্যাকেটজাতকরণের তারিখ ও মেয়াদ উত্তীর্ণের তারিখ উল্লেখ না থাকার ও অবৈধ উপায়ে পণ্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ করার অপরাধে সালমা বেকারীকে ১০,০০০ (দশ হাজার) টাকা জরিমানা আরোপ ও নগদ আদায় করা হয়।

অভিযানে সহায়তা করেছেন জনাব মোঃ কোবাদ আলী, জেলা স্যানিটারি ইন্সপেক্টর, চাঁপাইনবাবগঞ্জ। অভিযান চলাকালে ভোক্তা ও ব্যবসায়ীদের মাঝে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ সম্বলিত লিফলেট বিতরণ করা হয় এবং আইনটি মেনে চলতে উদ্বুদ্ধ করা হয়। অভিযানে নিরাপত্তা বিধানে সদর থানা পুলিশের একটি টিম নিয়োজিত ছিল। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।


(মোঃ জহিরুল ইসলাম)
সহকারী পরিচালক
ফোনঃ ০৭৮১-৫১৫১৫

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ।
- ৩। উপপরিচালক (উপসচিব), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
- ৪। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ।
- ৫। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, সদর, চাঁপাইনবাবগঞ্জ।
- ৭। অফিসার ইন চার্জ, সদর, চাঁপাইনবাবগঞ্জ।
- ৮। জেলা মার্কেটিং অফিসার, চাঁপাইনবাবগঞ্জ।
- ৯। প্রেসিডেন্ট, দি চাঁপাইনবাবগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, চাঁপাইনবাবগঞ্জ।
- ১০। অফিস নথি।